

মত. প্রস্তুত
২০১৭/১৮



অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৩২৩০.০৩৫.৪৬.১১৩.১২(অংশ-১)-৭৪৮

তারিখঃ ০৩ জুলাই ২০১৮

বিষয়ঃ রিট পিটিশন নং-২২৩/২০১৭ এবং সিপিএলএ নং-৩৪/২০১৮ এর প্রেক্ষিতে মাননীয় হাইকোর্টের আদেশ প্রতিপালনার্থে গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার কামারদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে প্রকাশিত গেজেট পরবর্তী কার্যক্রম গ্রহণ করা প্রসঙ্গে।

সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-০১-। ১৭.০০.৩২৩০.০৩৫.৪৬.১১৩.১২(অংশ-১)-৬৬৯; তারিখঃ ০৪ মে ২০১৭।
০২। -১৭.০০.৩২৩০.০৩৫.৪৬.১১৩.১২(অংশ-১)-৬১২; তারিখঃ ১৫ মার্চ ২০১৭।
০৩। -১৭.০০.৩২৩০.০৩৫.৪৬.১১৩.১২(অংশ-১)-৫৭৮; তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার কামারদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে গেজেট ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রকাশিত হলে ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রাপ্ত উক্ত গেজেট পরবর্তী কার্যক্রমের জন্য জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট প্রেরণ করা হয়েছিল। ০২নং স্মারকের মাধ্যমে সিএমপি নং- ৩০৯/২০১৭ ও সিএমপি নং-৬০৩/২০১৭ মূলে ১৯/০২/২০১৭ তারিখের আদেশে বুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রিট পিটিশন নং-২২৩/২০১৭ এর ০৮/০১/২০১৭ তারিখের আদেশ স্থগিত করায় উক্ত ইউনিয়নের চেয়ারম্যান পদের শপথ গ্রহণ বা অন্য কোন কার্যক্রম গ্রহণের সুযোগ নেই মর্মে পত্র প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে ০১নং স্মারকের মাধ্যমে মাননীয় সুপ্রীম কোর্টের সিএমপি নং-৬৮৫/২০১৭ এর ০৯ এপ্রিল ২০১৭ তারিখের আদেশে ০৬ সপ্তাহের স্থগিতাদেশের বিষয়টি অবগত করা হয়েছিল। মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-২২৩/২০১৭ এর ২৯ অক্টোবর ২০১৭ তারিখের রায়কে মাননীয় আপিল বিভাগ কর্তৃক সিপিএলএ নং-৩৪/২০১৮ এর ২৯ জানুয়ারি ২০১৮ তারিখের রায়ে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশটি বহাল রাখায় কামারদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে প্রকাশিত গেজেট পরবর্তী কার্যক্রম গ্রহণ অর্থাৎ শপথ গ্রহণে আইনগত কোন বাধা নেই মর্মে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্ত অনুসারে মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে ইতিপূর্বে প্রেরিত প্রকাশিত গেজেট অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংলগ্নীঃ বনমাঞ্জিলেরক

(মোঃ মিজানুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫০০৭৫৬৫

জেলা প্রশাসক
গাইবান্ধা

নং-১৭.০০.৩২৩০.০৩৫.৪৬.১১৩.১২(অংশ-১)-৭৪৮

তারিখঃ ০৩ জুলাই ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও বগ্যার্থে প্রেরণ করা হলঃ

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর (০২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা (০৫ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা (০৫ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা (০৫ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোঃ মিজানুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন পিটি নং ১০/জেলা আধিকারগাঁও ঢাকা ১১০০

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫